



রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ
শাহজাদপুর, সিরাজগঞ্জ
লিয়াজেঁ অফিস : বাড়ি # ৬৫/এ (৫/বি),
রোড # ৬/এ, খানমন্ডি, ঢাকা ১২০৯

Rabindra University, Bangladesh
Cell : 01303017964
E-mail: rabindrauniversity2017@gmail.com
Web Site : www.rub.ac.bd




স্মারক : রবিবা/প্রশা/রিসার্চ ও জার্নাল/২৫৬/২০১৯/৪৪২

তারিখ : ২১.০৯.২০২০

বিজ্ঞপ্তি

রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ-এর ২০২০-২০২১ অর্থবছরে গবেষণার জন্য রাজস্ব খাতে অর্থবরাদ্দ রাখা হয়েছে। গবেষণাকর্ম সম্পাদনের জন্য আত্মহী শিক্ষকবৃন্দের নিকট হতে গবেষণা প্রস্তাব আহ্বান করা যাচ্ছে। আগামী ০৮.১০.২০২০ তারিখের মধ্যে গবেষণা প্রস্তাবের সার-সংক্ষেপসহ শিরোনাম নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

মাননীয় উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে-


২১.১০.২০২০
(মোঃ সোহরাব আলী)
রেজিস্ট্রার

সংযুক্তি : গবেষণাকর্ম সম্পাদনের নিয়মাবলি।

রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ
শাহজাদপুর, সিরাজগঞ্জ


সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. মাননীয় উপাচার্য মহোদয়/মাননীয় ট্রেজারার মহোদয়ের দপ্তর, রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ, শাহজাদপুর, সিরাজগঞ্জ
২. পরিচালক, অর্থ ও হিসাব দপ্তর, রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ, শাহজাদপুর, সিরাজগঞ্জ
৩. বিভাগীয় চেয়ারম্যান (বিভাগের শিক্ষকবৃন্দকে অবহিত করার অনুরোধসহ), অর্থনীতি বিভাগ/রবীন্দ্র অধ্যয়ন বিভাগ/ সাংস্কৃতিক ঐতিহ্য ও বাংলাদেশ অধ্যয়ন বিভাগ/ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগ/সংগীত বিভাগ, রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ, শাহজাদপুর, সিরাজগঞ্জ
৪. দপ্তর প্রধান,দপ্তর, রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ, শাহজাদপুর, সিরাজগঞ্জ
- ✓ ৫. সহকারী প্রোগ্রামার (ওয়েবসাইট-এ আপলোড করার অনুরোধসহ), রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ, শাহজাদপুর, সিরাজগঞ্জ
৬. নোটিশ বোর্ড
৭. সংশ্লিষ্ট নথি



মুজিব
বর্ষ ১০০



 <p>রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ শাহজাদপুর, সিরাজগঞ্জ লিয়ার্জো অফিস : বাড়ি # ৬৫/এ (৫/বি), রোড # ৬/এ, ধানমন্ডি, ঢাকা ১২০৯</p>	<p>Rabindra University, Bangladesh Cell : 01303017964 E-mail: rabindrauniversity2017@gmail.com Web Site : www.rub.ac.bd</p>
----------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------	------------------------------------------------------------------------------------------------------------------------------------------------

গবেষণাকর্ম সম্পাদনের নিয়মাবলি

- এই গবেষণাকর্মটি 'রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ'-এর অধীনে 'বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন' কর্তৃক বরাদ্দকৃত ২০২০-২০২১ অর্থবছরের বাজেটের অর্থায়নে পরিচালিত হবে। সেক্ষেত্রে কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বাজেটের মধ্যে গবেষণাকর্ম সম্পাদন করতে হবে।
- অগ্রহী গবেষককে বিশ্ববিদ্যালয়ের পূর্ণকালীন শিক্ষক হতে হবে।
- নির্ধারিত সময়ের মধ্যে গবেষণার শিরোনাম, গবেষণার ক্ষেত্র (প্রযোজ্য ক্ষেত্রে), পদ্ধতি, গবেষণার বিস্তারিত কর্ম-পরিকল্পনা, সারসংক্ষেপ, সম্ভাব্য বাজেট, তথ্যসূত্র ইত্যাদি উল্লেখপূর্বক পূর্ণাঙ্গ গবেষণা প্রস্তাব দাখিল করতে হবে।
- গবেষকের গবেষণা প্রস্তাব কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হলে অনুমোদিত অর্থের বিস্তারিত ব্যয় বিল ভাউচারসহ বিশ্ববিদ্যালয়ের অর্থ ও হিসাব দপ্তরে প্রেরণ করতে হবে। উল্লেখ্য গবেষক গবেষণার জন্য অনুমোদিত অর্থের এক-তৃতীয়াংশ গবেষণার শুরুতে অগ্রিম হিসেবে নিতে পারবেন।
- গবেষকের গবেষণাকর্মটি অবশ্যই মৌলিক হতে হবে এবং কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত অন্য কোথাও প্রকাশিত হবে না এই মর্মে লিখিত বিবৃতি প্রদান করতে হবে।
- লেখায় বাংলা একাডেমির প্রমিত বানানরীতি অনুসরণ করতে হবে। তবে উদ্ধৃতির ক্ষেত্রে মূল বানানের পরিবর্তন হবে না।
- গবেষণা পাণ্ডুলিপিটি কম্পিউটারে মুদ্রিত হতে হবে। এক্ষেত্রে বাংলা কম্পোজের ক্ষেত্রে 'Unicode NikoshBan'-১২ ফন্ট অথবা 'SutonyMJ'-১২ ফন্ট এবং ইংরেজি 'Times New Roman'-১১ ফন্ট-এ হতে হবে। এতদব্যতীত ন্যূনতম ১.৫ ফাঁক রেখে দুই দিকে সমতা (Justified) বিধান করে কম্পোজ করতে হবে।
- লেখাটির সংঙ্গে অবশ্যই প্রবন্ধের সারসংক্ষেপ (Abstract) অনধিক ১৫০ শব্দের মধ্যে লিখতে হবে এবং লেখার পাদটীকায় ও তথ্যপঞ্জিতে লেখক, প্রকাশক, গ্রন্থের প্রকাশকাল, স্থান ও পৃষ্ঠা এবং সাময়িকীর ক্ষেত্রে রচয়িতা, রচনার নাম, সাময়িকীর নাম, খণ্ড ও ইস্যু সংখ্যা এবং পৃষ্ঠা নম্বর প্রচলিত প্রমিত নিয়ম (Standard) অনুসারে উল্লেখ করতে হবে।
- গবেষক চূড়ান্ত গবেষণাকর্মের বাঁধাইকৃত ০৩ (তিন) টি হার্ডকপি এবং সফটকপি বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার দপ্তরের একাডেমিক শাখায় প্রেরণ করবেন।
- গবেষণাকালীন যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক সময়ে সময়ে আরোপিত নিয়মাবলি গবেষক অবশ্যই মেনে চলবেন।